



বাংলাদেশ শিশু একাডেমি

সার্কিট হাউজ রোড, রাজশাহী

ফোন: ০২৫৮৮৮৫০৪০৩ bsarajshahi@gmail.com

মেমো নং- বাশিএ/রাজ/২০২৩-২৪/৭৫(১০০)

তারিখ- ১৯/১২/২০২৩খ্রি.

বিষয় : সংগীত, নৃত্য, সুন্দর হাতের লেখা, তবলা, চিত্রাংকন ও সৃজন, আবৃত্তি ও উপস্থাপনা শৈলী
এবং নাট্যকলা সাংস্কৃতিক প্রশিক্ষণে ভর্তি প্রসংগে।

শিশুদের মধ্যে মহান মুক্তিযুদ্ধের চেতনা, স্বদেশপ্রেম, নৈতিক শিক্ষা, শৃঙ্খলা ও দায়িত্ববোধ সৃষ্টির উদ্দেশ্যে সৃজনশীল ও সুকুমার বৃত্তিসহ সুপ্ত প্রতিভার বিকাশ সাধনের লক্ষ্যে বাংলাদেশ শিশু একাডেমি, রাজশাহী জেলা কার্যালয়ে সাংস্কৃতিক প্রশিক্ষণ বিভাগে ২০২৪ শিক্ষাবর্ষে (জানুয়ারি-ডিসেম্বর) ০৫ থেকে ১২ বছর পর্যন্ত জুনিয়ার শাখা এবং ১৩ থেকে অনূর্ধ্ব ১৮ বছর বয়স পর্যন্ত সিনিয়র শাখায় শিশুদের প্রশিক্ষণ কোর্সে ভর্তি নেয়া হচ্ছে।

আপনার/আপনাদের সন্তান, প্রতিষ্ঠানের ছাত্রছাত্রী-শিশুদের সাংস্কৃতিক প্রশিক্ষণ বিভাগে ভর্তির সুযোগ করে দেয়ার অনুরোধ জানাই। আপনার সহযোগিতা শিশুদের অন্তর্দীর্ঘ অনুপ্রেরণার উৎস।

ভর্তি সংক্রান্ত নিয়মাবলী

১. বাংলাদেশ শিশু একাডেমির নির্ধারিত ফরমে জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, বাংলাদেশ শিশু একাডেমি, রাজশাহী জেলা শাখা বরাবর আবেদন করতে হবে।
২. আবেদন পত্র ও ভর্তি আগামী ২৪ ডিসেম্বর ২০২৩ থেকে ১১ জানুয়ারি ২০২৪ রোজ বৃহস্পতিবার বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত গ্রহণ করা হবে।
৩. সংগীত, নৃত্য, সুন্দর হাতের লেখা, তবলা, চিত্রাংকন ও সৃজন, আবৃত্তি ও উপস্থাপনা শৈলী এবং নাট্যকলা বিষয়ে শিশুসহ অভিভাবকদের শুভেচ্ছা সাক্ষাৎকার ও বরণ অনুষ্ঠান আগামী ১২ জানুয়ারি ২০২৪ রোজ শুক্রবার বিকাল ৩.০০ টায় বাংলাদেশ শিশু একাডেমি, রাজশাহী কার্যালয়ে অনুষ্ঠিত হবে।
৪. বয়সসীমাঃ- ০৫ থেকে ১২ বছর পর্যন্ত জুনিয়ার শাখা এবং ১৩ থেকে অনূর্ধ্ব ১৮ বছর বয়স পর্যন্ত সিনিয়র শাখা।
৫. প্রশিক্ষণ ক্লাসে বিষয় ভিত্তিক ভর্তি ফি, বাৎসরিক বেতন ইত্যাদি অর্থ একাডেমির লাইব্রেরি শাখায় জমা দিয়ে প্রাপ্তি রশিদ গ্রহণ করতে হবে।
৬. ভর্তি ফরমের সঙ্গে প্রশিক্ষণার্থীর ২ কপি পাসপোর্ট সাইজের ছবি ও জন্মনিবন্ধন সনদের ফটোকপি সংযুক্ত করতে হবে।
৭. ভর্তিকৃত ছাত্র/ছাত্রীদের একাডেমির নির্ধারিত পোষাক মেয়েদের: লাল টপস (পকেটে বাংলাদেশ শিশু একাডেমির মনোগ্রাম যুক্ত), সবুজ স্কাট, (লাল টাইজ, লাল কটি, লাল স্কার্ফ-প্রয়োজ্য ক্ষেত্রে), কালো জুতা, সাদা মোজা এবং সাদা ফিতা/সাদা রাবার ব্যান্ড। ছেলেদের: লাল শার্ট (পকেটে বাংলাদেশ শিশু একাডেমির মনোগ্রাম যুক্ত), সবুজ প্যান্ট, কালো জুতা এবং সাদা মোজা। নিয়মিত ইউনিফর্ম পরে ক্লাসে আসতে হবে।
৮. ভর্তির পর কোনোভাবেই বিষয় এবং শাখা পরিবর্তন করা যাবে না।
৯. বাংলাদেশ শিশু একাডেমিতে উদযাপিত জাতীয়/নির্ধারিত অনুষ্ঠানে সকল প্রশিক্ষণার্থী ও তার অভিভাবককে উপস্থিত থাকতে হবে। প্রশিক্ষণার্থীর উপস্থিতির জন্য নম্বর যুক্ত হবে।
১০. প্রত্যেক প্রশিক্ষণার্থীকে লাইব্রেরি বিভাগ থেকে পরিচয়পত্র প্রদান করা হবে।

অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সভাপতি/সম্পাদক


১৯.১২.২০২৩

মো. মনজুর কাদের

জেলা শিশু বিষয়ক কর্মকর্তা

বাংলাদেশ শিশু একাডেমি, রাজশাহী